CST EDU CARE .BTEB

**ACCOUNTING ( 25841 )**
**ALL QUESTION PDF**
**AFRAN ABIR ( CST /MAPI/2022-2023 )**

# ACCOUNTING





https://cse-edu-care-bteb.netlify.app/

+8801930921578


CamScanner

অতিসংক্ষিপ্ত:

21. পৃষ্ঠা চিহ্নিকরন, বা ফোলিওয়িং বা, প্রতিচ্ছি প্রতিনির্দেশ বলতে কী বুঝায়?

=> কোন আর্থিক লেনদেনের হিসাবসমূহ, হিসাবের খাতায় লিপিবদ্ধ করার সময় জাবেদায় খতিয়ান পৃষ্ঠা এবং খতিয়ানে জাবেদা পৃষ্ঠা লেখাকে - পৃষ্ঠা চিহ্নিকরন বা ফোলিওয়িং বা প্রতিনির্দেশ বলা হয়।

22. সমাপনী জের (closing Balance) বলতে কী বুঝায়?

=> কোন নির্দিষ্ট সময় শেষে কোন হিসাবের ডেবিট ও ক্রেডিট নির্ণয়ের জন্য যে জের নির্ণয় করা হয় তাকে সমাপনী জের বা Closing Balance বলে।

23. খতিয়ান কাকে বলে?

=> কোন ব্যাক্তি বা প্রতিষ্ঠানের যাবতীয় অর্থিক লেনদেনের হিসাব, জাবেদা থেকে শ্রেনীবদ্ধ ভাবে ভিন্ন ভিন্ন শিরনামের মাধ্যমে সংক্ষিপ্তাকারে স্থায়ীভাবে সংরক্ষন করাকে খতিয়ান বলে।

২4. নগদান বই কাকে বলে?

=> যে হিসাবের বইতে কোন ব্যাক্তি বা প্রতিষ্ঠানের শুধুমাত্র নগদ টাকার হিসাব তারিখের ক্রমানুসারে লিপিবদ্ধ করা হয় তাকে নগদান বই বলে।

CamScanner

25. কারবারি বাট্টা বলতে কী বুঝায় ?

=> কোন পণ্যের মূল্য তালিকা থেকে যে পরিমান অর্থ ছাড় দেওয়া হয় তাকে কারবারি বাট্টা বলে।

26. নগদ বাট্টা কাকে বলে ?

=> বাকীতে বিক্রিত কোন পণ্যের মূল্য নির্দিষ্ট সময় পর পাওয়ার জন্য যে পরিমান টাকা দেনাদারকে ছাড় দেওয়া হয় তাকে নগদ বাট্টা বলে।

27. রেওয়ামিল কাকে বলে ?

=> খতিয়ান মুক্ত হিসাবের নির্ভুলতা যাচাই করার জন্য কোন নির্দিষ্ট তারিখের খতিয়ান হিসাবের ডেবিট, ক্রেডিটের সমষ্টি যে তালিকা প্রস্তুত করা হয় তাকে রেওয়ামিল বলে।

28. নীতিগত ভুল কী ?

=> মুনাফা জাতিয় হিসাব কে মূলধন ও মূলধন জাতীয় হিসাবকে মুনাফা জাতীয় হিসাবের অন্তর্ভুক্ত করলে যে ভুল সৃষ্টি হয় তাকে নীতিগত ভুল বলে।

29. পরিপূরক দ্রব্য কাকে বলে ?

=> যদি কোন একটি দ্রব্যের দ্বারা আরেকটি দ্রব্য সংশোধিত হয়ে যায় তখন তাকে পরিপূরক দ্রব্য বলে।

30. সমাপনী মজুদপন্য কাকে বলে ?

=> নির্দিষ্ট সময় শেষে যে পন্য অবিক্রিত থাকে ~~থাকে~~ তাকে সমাপনী মজুদ পন্য বলে।

31. অবচয় কাকে বলে ?

=> সম্পত্তি ব্যবহারের ফলে বা ব্যবহার জনিত যে ক্ষয় বা ক্ষতি হয় তাকে অবচয় বলে।

32. মূলধন জাতীয় ব্যায় কী ?

=> ব্যবসায়ীক খাতে যে ব্যায়ের মাধ্যমে ভবিষ্যতে মুনাফা অর্জন করা সম্ভব তাকে মূলধন জাতীয় ব্যায় বলে।

33. মুনাফা জাতীয় ব্যায় কাকে বলে ?

=> কারবারি প্রতিষ্ঠানকে কার্যক্ষম রাখার জন্য যে ব্যয় করা হয় তাকে মুনাফা জাতীয় ~~ব্যব~~ ব্যায় বলে।

34. চূড়ান্ত হিসাব কাকে বলে?

=> কোন নির্দিষ্ট সময় শেষে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের যাবতীয় আর্থিক লেনদেন ও লাভ-লোকসান বা ব্যবসায় প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা জানার জন্য যে বিবরণী প্রস্তুত করা হয় তাকে চূড়ান্ত হিসাব বলে।

35. উদ্বৃত্তপত্র কাকে বলে?

=> কোন নির্দিষ্ট প্রতিষ্ঠানের নির্দিষ্ট দিন বা তারিখের আর্থিক অবস্থা জানার জন্য মূলধন-দায় ও সম্পত্তি বাকে হিসাব সমূহের মাধ্যমে যে বিবরণী প্রস্তুত করা হয় তাকে উদ্বৃত্তপত্র বলে।

36. কর রেয়াত বা বিনিয়োগ ভাতা বলতে কী বুঝায়?

=> সরকার কর্তৃক যে যে খাতে বিনিয়োগ করলে উক্ত বিনিয়োগকৃত অর্থের উপর যে কর ছাড় পাওয়া যায় তাকে কর রেয়াত বা বিনিয়োগ ভাতা বলে।

37. আয়কর কী?

=> কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিভিন্ন উৎস থেকে যে পরিমাণ আয় হয় তা করযোগ্য ন্যূনতম সীমা অতিক্রম করলে আয়কর আইন অনুসারে ঐ আয়ের উপর প্রদত্ত করকে আয়কর বলে।

CamScanner

সাংখ্যিপ্ত :-

13. খতিয়ানকে সকল বহির রাজা বলা হয় কেন ?

=> খতিয়ানকে সকল বহির রাজা বলা হয় কারন -

(i) লেনদেনের প্রকৃত ফলাফল খতিয়ানের মাধ্যমে নির্ণয় করা যায়।
(ii) লেনদেনের স্থায়ী ভান্ডার হিসেবে কাজ করে।
(iii) খতিয়ান থেকে কারবারের সঠিক লাভ লোকসান নির্ণয় করা যায়।
(iv) খতিয়ান এর মাধ্যমে রেওয়ামিল সহজেই তৈরি করা যায়।
(v) খতিয়ান এর সাহায্যে চূড়ান্ত হিসাব করা যায়।

14. জাবেদা ও খতিয়ানের মাঝে পার্থক্য আলোচনা কর।

| জাবেদা | খতিয়ান |
|---|---|
| (i) জাবেদা হলো হিসাবের প্রাথমিক বহি। | (i) খতিয়ান হিসাবের চূড়ান্ত বা পাকা বই। |
| (ii) জাবেদায় খতিয়ান পৃষ্ঠা থাকে | (ii) খতিয়ানে জাবেদা পৃষ্ঠা থাকে। |
| (iii) জাবেদায় জের টানা যায় না | (iii) খতিয়ানে জেরটানা বাধ্যতা মূলক |
| (iv) জাবেদাকে সাহায্যকারী হিসাবের বই বলা হয়। | (iv) খতিয়ানকে স্থায়ী হিসাবের বই বলা হয়। |

15. ডেবিট ও ক্রেডিট ব্যালেন্স কাকে বলে ?

ডেবিট ব্যালেন্স বা জের :- কোন খতিয়ানভুক্ত হিসাবের ডেবিট পক্ষের যোগফল ক্রেডিট পক্ষের যোগফলের তুলনায় বড় হলে তাকে ডেবিট ও ক্রেডিট পক্ষের যোগফলের পার্থক্যকে ডেবিট জের বলে।

CamScanner

ক্রেডিট জের : কোন খতিয়ান বা হিসাবের ক্রেডিট পক্ষের যোগফল ডেবিট পক্ষের যোগফলের তুলনায় বড় হলে ডেবিট ক্রেডিটের যোগফলের পার্থক্যকে ক্রেডিট জের বলে।

16. "নগদান বই সবসময় ডেবিট ব্যালেন্স প্রকাশ করে" - ব্যাখ্যা কর -

=> নগদান বইতে খতিয়ানের মতো দুইটি দিক থাকে। একটি ডেবিট দিক ও অন্যটি ক্রেডিট দিক। নগদান বইয়ের ডেবিট দিকে সকল নগদ প্রাপ্তির বিষয়গুলো লিপিবদ্ধ করা হয়। এবং ক্রেডিট দিকে সকল প্রকার নগদ প্রদান লিপিবদ্ধ করা হয়। নগদান বইতে সকল লেনদেন লিপিবদ্ধ করার পর নির্দিষ্ট সময় পর এর একটি জের বের করা হয়। নগদান বইয়ের এই ব্যালেন্স সর্বদা ডেবিট হয়ে থাকে, তাই নগদান সবসময় ডেবিট ব্যালেন্স প্রকাশ করে।

17. "নগদান বই জাবেদা ও খতিয়ান উভয়ই" ব্যাখ্যা কর।

নগদান বইকে জাবেদা বলার কারন :-

(i) কারবারের নগদ লেনদেন সমূহ জাবেদার ন্যায় নগদান বইতে তারিখের ক্রমানুসারে লেখা হয়।

(ii) জাবেদার ন্যায় নগদান বইতে ব্যাখ্যা লেখা হয়।

(iii) জাবেদার ন্যায় নগদান বই থেকে লেনদেন গুলোকে খতিয়ানে লেখা হয়।

নগদান বইকে খতিয়ান বলার কারন :-

(i) খতিয়ান হিসাবের মতো নগদান একটি স্থায়ী ও পাকা বই।

(ii) খতিয়ান হিসাবের ন্যায় নগদান হিসাবে নির্দিষ্ট সময় শেষে ব্যালেন্স জের বের করা হয়।

(iii) নগদান বইয়ের কাঠামো খতিয়ান হিসাবের কাঠামোর অনুরূপ

১৪. কারবারি বাট্টা ও নগদ বাট্টার মাঝে পার্থক্য লেখ -

| কারবারি বাট্টা | নগদ বাট্টা |
|---|---|
| (i) দ্রব্যসমূহের মূল্য তালিকা থেকে যে পরিমান অর্থ ছাড় দেওয়া হয় তাকে কারবারি বাট্টা বলে। | (i) বাকিতে বিক্রিত কোন পণ্যের মূল্য নির্দিষ্ট সময় শোধে পাওয়ার জন্য যে পরিমান অর্থ ছাড় দেওয়া হয় তাকে নগদ বাট্টা বলে |
| (ii) দ্রব্যসামগ্রীর তালিকা মূল্যের উপর কারবারি বাট্টা হিসাব করা হয়। | (ii) দ্রব্যসামগ্রির নীট মূল্যের উপর নগদ বাট্টা হিসাব করা হয়। |
| (iii) কারবারি বাট্টা হিসাবে যুক্ত করা হয় না। | (iii) নগদ বাট্টা হিসাবে যুক্ত করা হয় |
| (iv) এটি অর্থ পরিশোধের সময়ের সাথে সম্পৃক্ত নয় | (iv) এটি অর্থ পরিশোধের সময়ের সাথে সম্পৃক্ত |

১৫. রেওয়ামিল কেন প্রস্তুত করা হয় ?

=> রেওয়ামিল প্রস্তুত করার উদ্দেশ্যগুলো হলো:

(i) লেনদেন ও খতিয়ানে লিপিবদ্ধ বিভিন্ন হিসাবের গানিতিক শুদ্ধতা যাচাই করা,

(ii) চূড়ান্ত হিসাব তৈরি করার জন্য খতিয়ানের তথ্যসমূহ একত্রিত করা,

(iii) দুইতরফা দাখিলা অনুযায়ী প্রতিটি হিসাব যথাযথ ভাবে লেখা হয়েছে কিনা তা নিশ্চিত করা।

20. কোন কোন ভুল রেওয়ামিলে ধরা পড়ে না ?

(i) লেখার ভুল :- জাবেদা লেখার সময় কোন হিসাব ভুল লেখা হলে এবং সেইভাবেই খতিয়ানে পোস্টিং করা হলে তাকে লেখার ভুল বলে। এ ভুল রেওয়ামিলে ধরা পরে না।

(ii) বাদ পড়ার ভুল : যদি কোন লেনদেন সম্পূর্নরূপে জাবেদায় অন্তর্ভুক্ত না হয় এবং সেভাবেই খতিয়ান করে রেওয়ামিল প্রস্তুত করা হয় তখন তাকে বাদ পরার ভুল বলে, এ ভুল রেওয়ামিলে ধরা পরে না।

(iii) পরিপূরক ভুল : যদি কোন ভুলের কারনে অন্য কোন ভুল সংশোধিত হয়ে যায় তখন তাকে পরিপূরক ভুল বলে - এ ভুল রেওয়ামিলে ধরা পরে না,

(iv) নীতিগত ভুল : যখন ডেবিটের এক বা একাধিক ভুল ভুলের পরিমান ও ক্রেডিটের এক বা একাধিক ভুলের অংক সমান হয় তাকে নীতিগত ভুল বলে।

21. রেওয়ামিল ও উদ্বৃত্তপত্রের মাঝে পার্থক্য লেখ।

| রেওয়ামিল | উদ্বৃত্তপত্র |
|---|---|
| (i) রেওয়ামিল হচ্ছে খতিয়ান হিসাবের ডেবিট ক্রেডিট উদ্বৃত্তগুলোর তালিকা | (i) উদ্বৃত্তপত্র হলো কারবারি প্রতিষ্ঠানের সম্পত্তি ও দায়ের বিবরণী |
| (ii) হিসাব বইতে কোন ভুল আছে কি না তা নির্ণয় করার জন্য রেওয়ামিল তৈরি করা হয়। | (ii) ব্যবসায় প্রতিষ্ঠানের সঠিক আর্থিক অবস্থা জানার জন্য উদ্বৃত্তপত্র তৈরি করা হয়। |
| (iii) রেওয়ামিলের বামদিকে ডেবিট ও ডানদিকে ক্রেডিট টাকা লেখা হয়। | (iii) উদ্বৃত্তপত্রের বামদিকে মূলধন ও দায় ডানদিকে সম্পত্তি বাবদ হিসাব লেখা হয়। |

**উদাহরণ-৪ : ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে মিঃ বাবুল হাওলাদার নগদে ৫০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকার যন্ত্রপাতি মূলধনস্বরূপ আনয়নপূর্বক কারবার আরম্ভ করলেন। ঐ মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয়েছিল :**

| | | |
|---|---|---|
| ২০২২ | | |
| জানু. | ৩ | অগ্রণী ব্যাংকে একটি হিসাব খোলা হলো ৫০,০০০ টাকা। |
| " | ৫ | নগদে মাল ক্রয় ৩,০০,০০০ টাকা। |
| " | ৭ | আসবাবপত্র ক্রয় ২৫,০০০ টাকা। |
| " | ৯ | রহিমের নিকট মাল বিক্রয় ২,৫০,০০০ টাকা। |
| " | ১১ | অফিসের প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন করা হলো ৭৫,০০০ টাকা। |
| " | ১৫ | আলমের নিকট হতে ক্রয় করা হলো ২৫,০০০ টাকা। |
| " | ১৯ | ব্যক্তিগত প্রয়োজনে কারবার হতে উত্তোলন করা হলো ৪৫,০০০ টাকা। |
| " | ২৪ | ব্যাংকে জমা দেয়া হলো ৩০,০০০ টাকা। |
| " | ৩০ | কর্মচারীদের বেতন দেয়া হলো ৫৫,০০০ টাকা। |

[বাকাশিবো-১৯(পরি)]

উপরোক্ত লেনদেনগুলোর জাবেদা তৈরি কর।

CamScanner

উদাহরণ-৪

মি: বাবুল হাওলাদার-এর
জাবেদা

| তারিখ | লেনদেনের শিরনাম ও ব্যাখ্যা | খ:পৃ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| জানুয়ারি-১ ২০২২ | নগদান হিসাব 'ডেবিট'<br>যন্ত্রপাতি হিসাব 'ডেবিট'<br>মূলধন হিসাব 'ক্রেডিট'<br>নগদ টাকা ও আসবাবপত্র মূলধন হিসাবে আনয়ন করা হলো: | | ৫০'০০০<br>৪০'০০০ | ৯০'০০০ |
| " ৩ | অগ্রানী ব্যাংক হিসাব 'ডেবিট'<br>নগদান হিসাব 'ক্রেডিট'<br>অগ্রানী ব্যাংকে হিসাব খোলা হলো: | | ৫০'০০০ | ৫০'০০০ |
| " ৫ | মাল ক্রয় হিসাব 'ডেবিট'<br>নগদান হিসাব 'ক্রেডিট'<br>নগদে মাল ক্রয় করা হলো | | ৩০০০০০ | ৩০০০০০ |
| " ৭ | আসবাবপত্র ক্রয় হিসাব 'ডেবিট'<br>নগদান হিসাব 'ক্রেডিট'<br>আসবাবপত্র ক্রয় করা হলো: | | ২৫'০০০ | ২৫'০০০ |
| " ৯ | প্রাপ্য হিসাব-রহিম 'ডেবিট'<br>বিক্রয় হিসাব 'ক্রেডিট'<br>রহিমের নিকট মাল বিক্রয় করা হলো। | | ২'৫০'০০০ | ২'৫০'০০০ |
| " ১১ | নগদান হিসাব 'ডেবিট'<br>ব্যাংক হিসাব 'ক্রেডিট'<br>অফিসের প্রয়োজনে ব্যাংক থেকে টাকা উত্তোলন করা হলো | | ৭৫'০০০ | ৭৫'০০০ |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| " ১৫ | ক্রয় হিসাব ' 'ডেবিট'<br>আলমের প্রদেয় হিসাব 'ক্রেডিট'<br>আলমের নিকট থেকে মাল ক্রয় করা হলো। | | ২৫'০০০ | ২৫'০০০ |
| " ১৭ | উত্তোলন হিসাব 'ডেবিট'<br>নগদান হিসাব 'ক্রেডিট'<br>ব্যক্তিগত প্রয়োজনে কারবার থেকে উত্তোলন করা হলো | | ৪৫'০০০ | ৪৫'০০০ |
| " ২৪ | ব্যাংক হিসাব 'ডেবিট'<br>নগদান হিসাব 'ক্রেডিট'<br>ব্যাংকে জমা দেওয়া হলো: | | ৬০'০০০ | ৬০'০০০ |
| " ৩০ | কর্মচারীর বেতন হিসাব 'ডেবিট'<br>নগদান হিসাব 'ক্রেডিট'<br>কর্মচারীর বেতন দেওয়া হলো | | ৫৫'০০০ | ৫৫'০০০ |
| | মোট: | | ৯'৪৫'০০০ | ৯'৪৫'০০০ |

**উদাহরণ-৯ :** জনাব ফয়সাল ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,০০,০০০ টাকা, আসবাবপত্র বাবদ ৪০,০০০ টাকা এবং পণ্য বাবদ ২০,০০০ টাকা নিয়ে কারবার শুরু করলেন।

জানুয়ারি মাসে তার অন্যান্য লেনদেনগুলো নিচে দেওয়া হলো :

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ৪ | অগ্রণী ব্যাংকে হিসাব খোলা হলো ১০,০০০ টাকা। |
| " | ৬ | রনির নিকট হতে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা, যার নগদে প্রদান ১০,০০০ টাকা। |
| " | ৯ | মাল বিক্রয় ৪৫,০০০ টাকা। |
| " | ১৪ | বিজ্ঞাপন বাবদ চেকে ১২,০০০ টাকা প্রদান করা হলো। |
| " | ১৭ | বিক্রীত মাল ফেরত আসলো ৬,০০০ টাকা। |
| " | ২৩ | রনির বাকি টাকা পরিশোধ করা হলো। |
| " | ২৬ | আসবাবপত্রের উপর অবচয় ধার্য করা হলো ৩,৫০০ টাকা। |
| " | ২৯ | কর্মচারীকে বেতন প্রদান করা হলো ১৫,০০০ টাকা। |
| " | ৩১ | ব্যাংক মঞ্জুরীকৃত সুদ ৩০০ টাকা। |

উপরোক্ত লেনদেনগুলোর বিবরণসহ জাবেদা তৈরি কর। [বাকাশিবো-২০১৮]

CS CamScanner

উদাহরন - ৭

জনাব ফয়সাল এর
জাবেদা

| তারিখ | লেনদেনের শিরনাম ও ব্যাখ্যা | খ:পৃ: | ডেবিট ৳ | ক্রেডিট ৳ |
|---|---|---|---|---|
| জানুয়ারি-১ ২০২২ | নগদান হিসাব ডেবিট | | ১'০০'০০০ | ~~১'০০'০০০~~ |
| | আসবাবপত্র হিসাব ডেবিট | | ৪০'০০০ | |
| | পন্য বাবদ হিসাব ডেবিট | | ২০'০০০ | |
| | মূলধন হিসাব ক্রেডিট | | | ১'৬০'০০০ |
| | নগদ টাকা, আসবাবপত্র, পন্য মূলধন হিসেবে নেওয়া হলো | | | |
| " ৪ | অগ্রানী ব্যাংক হিসাব ডেবিট | | ৩০'০০০ | |
| | নগদান হিসাব ক্রেডিট | | | ৩০'০০০ |
| | অগ্রানী ব্যাংকে হিসাব খোলা হলো | | | |
| " ৫ | পন্য ক্রয় হিসাব ডেবিট | | ৬০'০০০ | |
| | নগদান হিসাব ক্রেডিট | | | ১০'০০০ |
| | প্রদেয় হিসাব-রনি ক্রেডিট | | | ২০'০০০ |
| | রনির নিকট হতে মাল ক্রয় করা হলো | | | |
| " ৭ | নগদান হিসাব ডেবিট | | ৪৫'০০০ | |
| | বিক্রয় হিসাব ক্রেডিট | | | ৪৫'০০০ |
| | নগদে মাল বিক্রয় করা হলো | | | |
| " ১৪ | বিজ্ঞাপন হিসাব ডেবিট | | ১২'০০০ | |
| | ব্যাংক হিসাব ক্রেডিট | | | ১২'০০০ |
| | ডি বিজ্ঞাপন খরচ চেকে প্রদান করা হলো | | | |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ॥ ১৭ | বিক্রয় ফেরত হিসাব 'ডেবিট'<br>প্রাপ্য হিসাব 'ক্রেডিট'<br>বিক্রিত মাল ফেরত আসলো | | ৬'০০০ | ৬'০০০ |
| ॥ ২৩ | প্রদেয় হিসাব - রনি 'ডেবিট'<br>নগদান হিসাব 'ক্রেডিট'<br>রনির বাকি টাকা পরিশোধ করা হলো | | ২০'০০০ | ২০'০০০ |
| ॥ ২৮ | অবচয় হিসাব 'ডেবিট'<br>সঞ্চিত হিসাব 'ক্রেডিট'<br>আসবাবপত্রের উপর অবচয় ধার্য হিসাব করা হলো | | ৩৫'০০ | ৩'৫০০ |
| ॥ ৩০ | কর্মচারীর বেতন হিসাব 'ডেবিট'<br>নগদান হিসাব 'ক্রেডিট'<br>কর্মচারীর বেতন প্রদান করা হলো | | ১৫'০০০ | ১৫'০০০ |
| ॥ ৩১ | ব্যাংক হিসাব 'ডেবিট'<br>ব্যাংক - সুদ হিসাব 'ক্রেডিট'<br>ব্যাংক সুদ মঞ্জুর করা হলো | | ৩০০ | ৩০০ |
| | মোট : | | ৩'০১'৮০০ | ৩'০১'৮০০ |

উদাহরণ-১৭ জনাব তাহমিদ-এর নিম্নলিখিত রেওয়ামিল হতে ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ক্রয়-বিক্রয়, লাভ-লোকসান হিসাব এবং ঐ তারিখে উদ্বৃত্তপত্র তৈরি কর।

রেওয়ামিল
৩১ ডিসেম্বর ২০২২

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | হিসাবের নাম | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|
| উত্তোলন | ৩২,০০০ | মূলধন | ১,০০,০০০ |
| প্রারম্ভিক মজুদ (০১-০১-২০২২) | ১১,০০০ | বিক্রয় | ৫৮,০০০ |
| ক্রয় | ৩৫,০০০ | বহিঃফেরত | ২,০০০ |
| আন্তঃফেরত | ৩,০০০ | শিক্ষানবিশ সেলামি | ১,০০০ |
| পরিবহন | ১,০০০ | প্রাপ্ত দস্তুরি | ৫০০ |
| মজুরি | ৩,০০০ | অনাদায়ী দেনা সঞ্চিতি | ১,৫০০ |
| বেতন | ১০,০০০ | প্রদেয় বিল | ২,০০০ |
| অফিস খরচ | ৪,০০০ | পাওনাদার | ২০,০০০ |
| প্রদত্ত দস্তুরি | ৩০০ | ৫% ঋণ | ১০,০০০ |
| অনাদায়ী পাওনা | ২,০০০ | | |
| আসবাবপত্র | ১৪,০০০ | | |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ৫,০০০ | | |
| ইজারা সম্পত্তি (১০ বছর) | ৩০,০০০ | | |
| প্রাপ্য বিল | ৩,৫০০ | | |
| দেনাদার | ২২,০০০ | | |
| হাতে নগদ | ৮,২০০ | | |
| ব্যাংক জমা | ১,০০০ | | |
| ৮% বিনিয়োগ | ১০,০০০ | | |
| | ১,৯৫,০০০ | | ১,৯৫,০০০ |

**সমন্বয়গুলো :**

(ক) সমাপনী মজুত পণ্যের ক্রয়মূল্য ২৬,০০০/- টাকা এবং বাজার মূল্য ২৫,০০০/- টাকা।
(খ) বাকিতে পণ্য বিক্রয় ৫,০০০/- টাকা, যা হিসাবভুক্ত করা হয় নাই।
(গ) ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ৩,০০০/- টাকা যা হিসাবভুক্ত হয় নাই।
(ঘ) আসবাবপত্র ও কলকব্জার উপর ১০% হারে অবচয় ধরতে হবে। [বাকাশিবো-১৮]

**সমাধান :**

জনাব তাহমিদ-এর
ক্রয়-বিক্রয় হিসাব
২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের সমাপ্ত বছরের জন্য

ডেবিট ক্রেডিট

উদাহরণ-৭ :

জনাব তাহসিনের
ক্রয়-বিক্রয় হিসাব
৩১-ডিসেম্বর-২০২২

ডেবিট | ক্রেডিট

| বিবরণ | টাকা | টাকা | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ (০১-০১-২০২২) | | ১১,০০০ | বিক্রয় | ৫৮,০০০ | |
| | | | (-) আন্তঃ ফেরত | ৩,০০০ | |
| | | | | ৫৫,০০০ | |
| ক্রয় | ৩৫,০০০ | | (+) অলিখিত বিক্রয় | ৫,০০০ | |
| (-) বহিঃ ফেরত | (-) ২,০০০ | | | | |
| | ৩৩০০০ | | | | ৬০,০০০ |
| (-) পণ্য উত্তোলন | (-) ৩০০০ | | সমাপনী মজুদ পণ্য | | ২৫,০০০ |
| | | ৩০,০০০ | | | |
| পরিবহন | | ১,০০০ | | | |
| মজুরি | | ৩,০০০ | | | |
| মোট লাভ (লাভ-লোকসান হিসেবে স্থানান্তরিত) | | ৪০,০০০ | | | |
| | | ৮৫,০০০ | | | ৮৫,০০০ |

জনাব তাহমিদের
লাভ-লোকসান হিসাব
৩১ ডিসেম্বর ২০২২

ডেবিট ক্রেডিট

| বিবরণ | টাকা | টাকা | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|---|---|
| বেতন | ১০,০০০ | ১০,০০০ | মোট লাভ (ক্রয় বিক্রয় হিসাব থেকে আনিত) | | ৪০,০০০ |
| অফিস খরচ | ৪,০০০ | ৪,০০০ | | | |
| অবচয়: | | | | | |
| আসবাবপত্র | ১৪০০ | | শিক্ষানবিশ সালামি | | ৭০০০ |
| কলকব্জা | +৫০০ | | প্রাপ্ত দস্তুরি | | ৫০০ |
| | | ১৯০০ | অনাদায়ী দেনা সঞ্চিতি | | ১২০০ |
| ইজারা সম্পত্তির অবলোপন | | ৬০০০ | বিনিয়োগের সুদ | | ৮০০ |
| প্রদত্ত দস্তুরি | | ৩০০ | | | |
| অনাদায়ী পাওনা | | ২০০০ | | | |
| ঋণের সুদ | | ৫০০ | | | |
| নীট লাভ (উদ্বৃত্ত পত্রে স্থানান্তরিত) | | ২২১০০ | | | |
| | | ৪৬৮০০ | | | ৪৬,৮০০ |

CamScanner

জনাব তাহমিদের
উদ্বৃত্ত পত্র হিসাব
৩১ ডিসেম্বর 2022

| বিবরণ (মূলধন/দায়) | টাকা | টাকা | বিবরণ (সম্পত্তিসমূহ) | টাকা | টাকা |
|---|---|---|---|---|---|
| ~~প্রাপ্য বিল~~ | | | প্রাপ্য বিল | | ৩৫০০ |
| পাওনাদার | | ২০'০০০ | দেনাদার | | ২২০০০ |
| ৫% ঋণ | | ১০'০০০ | হাতে নগদ | | ৮২০০ |
| প্রদেয় বিল | | ২'০০০ | ব্যাংক জমা | | ১০০০ |
| বকেয়া ঋণের সুদ | | ৫০০ | ৮% বিনিয়োগ | | ১০'০০০ |
| মূলধন | ১০০০০০ | | ইজারা সম্পত্তি | ৩০'০০০ | |
| (-) উত্তোলন | ১২০০০ | | (-) অবলোপন | ৩০০০ | |
| | ৮৮০০০ | | | | ২৭০০০ |
| (-) পণ্য উত্তোলন | ৩০০০ | | আসবাবপত্র | ১৪০০০ | |
| | ৮৫০০০ | | (-) অবচয় | -১৪০০ | |
| + নীট লাভ (লাভ লোকসান হিসাব থেকে আনীত) | ২২১০০ | | | | ১২৬০০ |
| | | | কালকব্জা | ৫০০০ | |
| | | | (-) অবচয় | -৫০০ | |
| | | | | | ৪৫০০ |
| | | | সমাপনী মজুদ | | ২৫০০০/- |
| | | ৮৭'১০০ | বিনিয়োগের বকেয়া | | ৮০০/- |
| | | | অলিখিত বিক্রয় | | ৫০০০/- |
| | | ১১৯৬০০ | | | ১১৯৬০০ |